দৈনিক সংবাদ

৫/১১/২০০৩

তারিখ ...............

পৃষ্ঠা ৭ ..... কলাম ৩ .....

# নগরীর স্কুলগুলোতে ভর্তি প্রক্রিয়া শুরু

নিজস্ব বার্তা পরিবেশক ঃ নগরীর বিভিন্ন স্কুলে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে ভর্তি প্রক্রিয়া ইতোমধ্যে শুরু হয়েছে। সরকারি স্কুলগুলোতে ভর্তি প্রক্রিয়া শুরু হবে ডিসেম্বর মাসের শেষের দিকে আর তা জানুয়ারি মাসের মধ্যে শেষ হবে। গতকাল রোববার বিভিন্ন স্কুল কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে এ তথ্য পাওয়া গেছে।

নগরীর প্রধান স্কুলগুলোর মধ্যে ভিকারুন নিসা নূন স্কুল অ্যান্ড কলেজে ভর্তি ফরম বিতরণ শুরু হয়েছে। আগামী ৭ই নভেম্বর পর্যন্ত ফরম বিতরণ করা হবে। এ স্কুলে সর্বমোট ৬শ' আসনের বিপরীতে প্রতিবারই প্রায় ৫ গুণ প্রার্থী ভর্তি পরীক্ষায় অংশ নিয়ে থাকে।

আইডিয়াল হাইস্কুলে ভর্তি প্রক্রিয়া শুরু হবে ডিসেম্বরের প্রথম সপ্তাহে অথবা ২য় সপ্তাহে। রাইফেলস্ পাবলিক স্কুল অ্যান্ড কলেজে আগামী সপ্তাহে ভর্তি ফরম বিতরণ শুরু হবে। ফরম বিতরণের তারিখ কর্তৃপক্ষ বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেবেন। হলিক্রস হাইস্কুলে ভর্তি প্রক্রিয়া চলছে। এ মাসের ২৮ তারিখ পর্যন্ত ভর্তি প্রক্রিয়া চলবে।

সরকারি স্কুলগুলোর মধ্যে গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুল, মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়সহ সরকারি স্কুলগুলোতে ভর্তি প্রক্রিয়া শুরু হবে ডিসেম্বর মাসের শেষ সপ্তাহে।